সংবাদ

তারিখ ... JUN. 06, 2006 ... পৃষ্ঠা ১২ কলাম ২

বেসরকারি শিক্ষকদের নতুন ভাতা ও সুবিধা ঘোষণ

# মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া গতকাল সহকারী শিক্ষকদের বেতনের সরকারি অংশ ১০ শতাংশ হারে বাড়ানোসহ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য কিছু ভাতা ও সুযোগ-সুবিধা ঘোষণা করেছেন।

খালেদা জিয়া বলেন, সরকার মাসিক বাড়ি ভাড়া ভাতা ১০০ টাকা থেকে ২০০ টাকা, চিকিৎসা ভাতা ১০০ টাকা থেকে ২০০ টাকা, উৎসব ভাতা মূল বেতনের বর্তমান ২৫ শতাংশ হার থেকে ৫০ শতাংশে এবং স্কুলের আনুষঙ্গিক ব্যয় ১৫০ টাকা থেকে ২০০ টাকায় বৃদ্ধি করার পদক্ষেপ নেবে। বাসস।

তিনি বলেন, এসব আর্থিক সুবি... আগামী ১ জুলাই থেকে কার্যকর হবে। তি... আরও বলেন, নিবন্ধিত বেসরকারি প্রাথমি... বিদ্যালয়ের শিক্ষকদের বিভিন্ন দাবি-দাওয়া... প্রতি সরকার সহানুভূতিশীল।

প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সম্মেলন কে... (আইসিসি) বেসরকারি প্রাথমিক বিদ্যা... শিক্ষক কল্যাণ ট্রাস্ট চেক বিতরণ অনুষ্ঠা... বক্তৃতা করছিলেন।

খালেদা জিয়া বলেন, সরকার সরক...

শিক্ষা : মানসম্পন্ন

(১২ পৃষ্ঠার পর)

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতনের সঙ্গে সামঞ্জস্য রেখে বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য একটি পৃথক বেতন কাঠামো প্রদান এবং বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টি বোর্ডের সদস্য সচিব হিসেবে সমিতির সভাপতি বা মহাসচিবকে নিয়োগের প্রস্তাব বিবেচনা করবে।

ভবিষ্যতে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের জন্য সুযোগ-সুবিধা আরও সম্প্রসারিত করার প্রয়াস অব্যাহত রাখার আশ্বাস দিয়ে প্রধানমন্ত্রী শিক্ষা বিস্তার ও মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করতে আরও কার্যকর অবদান রাখতে তাদের প্রতি আহ্বান জানান।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব একেএম শামসুদ্দিন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এতে আরো বক্তৃতা করেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এএইচএম রেজাউল করিম, বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকদের প্রতিনিধি শামসুল আলম ও রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় কল্যাণ ট্রাস্টের সদস্য আক্কাস আলী শেখ।

দেশের সীমিত সম্পদের কথা সবাইকে স্মরণ করিয়ে দিয়ে প্রধানমন্ত্রী বলেন, সরকারকে অনেক আর্থিক ও বাজেটের সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হয়।

শিক্ষা ক্ষেত্রে সরকারের বিশেষ নজরদানের উল্লেখ করে খালেদা জিয়া বলেন, সরকার বিনা বেতনে শিক্ষা, বিনা বেতনে বই এবং নগদ উপবৃত্তি দিচ্ছে।

প্রধানমন্ত্রী বেসরকারি প্রাথমিক শিক্ষক কল্যাণ ট্রাস্টের পক্ষে শিক্ষকদের মধ্যে চেক বিতরণ করেন।

প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী এ সময় উপস্থিত ছিলেন।